**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-04-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly-Special Session :

রাজ্য বিধানসভার একদিনের বিশেষ অধিবেশন আজ সকাল ১১টা থেকে শুরু হবে। অধিবেশনে নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল নিয়ে আলোচনা হবে। এই বিলটি নিয়ে আলোচনার জন্য ইতিপূর্বে মুখ্য সচেতক কল্যাণী রায় সহ ১৭ জন বিধায়ক বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়ার কাছে একটি আবেদন জমা দিয়েছিলেন। আজ অধিবেশনের শুরুতে প্রাক্তন মন্ত্রী কার্তিক কন্যা দেববর্মা ও কিংবদন্তি গায়িকা আশা ভোঁসলের প্রয়াণে শোকপ্রস্তাব গ্রহণ করা হবে।

***********************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের হরদোই জেলায় গতকাল ৫৯৪ কিলোমিটার দীর্ঘ গঙ্গা এক্সপ্রেসওয়ের উদ্বোধন করেছেন। এ উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে তিনি বলেন, এই দ্রুতগতির করিডোরটি উত্তর প্রদেশ জুড়ে সংযোগ ব্যবস্থাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করার পাশাপাশি শিল্প বিনিয়োগ, লজিস্টিকস, কৃষি বিপণন এবং আঞ্চলিক ভারসাম্যকে গতি দেবে। এই এক্সপ্রেসওয়ের মাধ্যমে মিরাট এবং প্রয়াগরাজের মধ্যে যাতায়াতের সময়

প্রায় ১২ ঘন্টা থেকে কমিয়ে প্রায় ৬ ঘন্টায় নিয়ে আসবে। এক্সপ্রেসওয়েটি রাজ্যের ১২টি জেলার উপর দিয়ে যাবে।

*********************

**New Zealand PM :**

নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সন ভারত-নিউজিল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তিকে (এফটিএ) এক প্রজন্মের মধ্যে একবার আসা সুযোগ হিসেবে বর্ণনা করেছেন এবং ভারতীয় বাজারের বিশালতা ও সম্ভাবনার ওপর জোর দিয়েছেন। সামাজিক মাধ্যমে দেওয়া এক ভিডিও বার্তায় শ্রী লাক্সন একথা উল্লেখ করেন। তিনি বলেন, প্রায় দেড়শ কোটি জনসংখ্যা এবং ক্রমবর্ধমান আয়ের কারণে ভারত একটি বিশাল ও ক্রমবর্ধমান সমৃদ্ধ বাজার, যা উচ্চমানের পণ্য ও পরিষেবা অনুসন্ধানী।এই চুক্তি নিউজিল্যান্ডের জন্য খুবই আকর্ষনীয়, কারণ তা কর্মসংস্থান সৃষ্টি করবে, মজুরি বাড়াবে এবং নিউজিল্যান্ডের মানুষের জন্য আরও সুযোগ সৃষ্টি করবে।

উল্লেখ্য, গত ২৭শে এপ্রিল, ভারত ও নিউজিল্যান্ড এক যুগান্তকারী মুক্ত বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে, যা উভয় দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ বিষয়।

*********************

**CM-Jal Jeevan Mission :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলার টিআইএফটি কনফারেন্স হলে জল জীবন মিশন দ্বিতীয় পর্যায়ে জন্য গতকাল একটি সমঝোতা স্মারক স্বাক্ষর

অনুষ্ঠানে ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করেন। তিনি বলেন, দীর্ঘমেয়াদী জল সুরক্ষার জন্য জাতীয় সংস্কারের সাথে সঙ্গতি রেখে, এই চুক্তি | এর লক্ষ্য হলো, স্থায়িত্ব ও কার্যকারিতার উপর মনোযোগ দিয়ে জল সরবরাহ পরিকাঠামোকে শক্তিশালী করা। পাশাপাশি গ্রামীণ পরিবারগুলিকে কার্যকরী গৃহস্থালি নলের মাধ্যমে জল সংযোগ প্রদান করা। তিনি বলেন, জীবনযাত্রার মান উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন ও নিরাপদ জল সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে এই মিশনটি ডিসেম্বর ২০২৮ পর্যন্ত বাড়ানো হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন সরকার প্রতিটি পরিবারে নিরাপদ পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ।

*********************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচিতে গতকাল সাধারণ জনগণের অভাব, অভিযোগ ও নানা সমস্যার কথা শোনেন। তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের দ্রুত ও কার্যকর সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, এই উদ্যোগের মূল লক্ষ্য হলো সরকারকে জনগণের আরও কাছে পৌঁছে দেওয়া এবং দ্রুত, সংবেদনশীল ও জবাবদিহিমূলক প্রশাসন নিশ্চিত করা।

*********************

**Home Guard :**

অবসরপ্রাপ্ত হোম গার্ডরা আগরতলায় পুলিশ সদর দপ্তরে পুলিশের মহানির্দেশক অনুরাগের সঙ্গে গতকাল সাক্ষাৎ করেন| তারা মাসিক ভাতা দশ হাজার টাকা

করার দাবি জানান| বর্তমানে অবসরপ্রাপ্ত হোমগার্ড কর্মীরা প্রতি মাসে আড়াই হাজার টাকা করে ভাতা পাচ্ছেন|

*********************

**Disaster/Dead One :**

ঊনকোটি জেলার ফটিকরায়ের রাধানগর গ্ৰামে গতকাল সন্ধ্যায় মাটির বসতঘর ভেঙ্গে পড়ায় অঙ্কুশ মালাকার নামে পাঁচ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। এই দুর্ঘটনায় তার ভাই আয়ুস মালাকার আহত হয়ে বর্তমানে কৈলাশহর জেলা হাসপাতালে চিকিৎসাধীন। ঊনকোটি জেলার জেলাশাসক ডঃ তমাল মজুমদার চিকিৎসাধীন আয়ুসের শারীরিক অবস্থার খোঁজ খবর নিতে হাসপাতালে যান এবং তার চিকিৎসার বিষয়ে চিকিৎসকদের সাথে কথা বলেন। জেলাশাসক জানান, আয়ুসের চিকিৎসার ব্যয়ভার জেলা প্রশাসন বহন করবে।

*********************

**DM South Visit :**

দুর্যোগপূর্ণ পরিস্থিতি মোকাবিলায় দক্ষিণ জেলার জেলাশাসক মোঃ সাজাদ পি ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। পরিদর্শন শেষে তিনি গতকাল জানান, জেলাজুড়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে দ্রুত ত্রাণ ও পুনর্বাসনের কাজ শুরু হয়েছে| সরকারি নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে দ্রুত আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ লক্ষ্যে ইতিমধ্যে মাঠপর্যায়ের সমীক্ষার কাজ শুরু হয়েছে। তিনি জানান, বিলোনীয়া, শান্তিরবাজার এবং সাব্রুম মহকুমার বিভিন্ন এলাকায় বাড়িঘর, সরকারি পরিকাঠামো, বিদ্যুৎ ও কৃষিক্ষেত্রে ক্ষয়ক্ষতি

নিরূপণে ৪0টিরও বেশি দল কাজ করছে। পাশাপাশি, গবাদি পশু পাখীর ক্ষয়ক্ষতি মূল্যায়নের জন্যও পৃথক সমীক্ষা চালানো হচ্ছে|

**********************

**AI Awareness-Gomati :**

গোমতী জেলায় কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তিন দিনের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি গতকাল শুরু হয়েছে| উদয়পুর-এর সার্কিট হাউসে গোমতী জেলা প্রশাসন আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে জেলাশাসক, জেলার তিন মহকুমার মহকুমা শাসক ও ব্লকের আধিকারিকগণ উপস্থিত ছিলেন৷ জেলাশাসক রিঙ্কু লাথের জানিয়েছেন, এই প্রশিক্ষণ শিবিরে মূলত তিনটি বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং এবং অটোমেশন স্কিল।

********************

**Weather :**

আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২0.২ ডিগ্রী সেলসিয়াস। সকাল ৫.৩0 পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২৯.৪ মিলিমিটার।

*****************

*****************